

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



পেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২১, ২০২২

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ০৫ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ/২০ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ

নং ১৭.০০.০০০০.০৮৫.৮০.০১১.১৯-৯০।—উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩
এর বিধি ৮৪ক-তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও
সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০৭ জুলাই, ২০২২ খ্রিঃ
তারিখে-১০.০০.০০০০.১২৫.৯৯.০০১.১৯.৮৫৯ নং স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত
বিধিমালার বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭(১) এবং বিধি ৭৮ এর অধীন
শাস্তিযোগ্য নির্বাচন অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of
1898) এর Section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেয়া ও তা সংক্ষিপ্ত পদ্ধতিতে
বিচার সম্পর্কের নিমিত্ত নিম্ন তফসিলের ৩ নং কলামে বর্ণিত উপজেলা পরিষদসমূহে নির্বাচন উপলক্ষে
৫ নং কলামে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ০২ (দুই) জন কর্মকর্তাকে ভোটগ্রহণের পূর্বের
দু'দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দু'দিন অর্থাৎ ২৫ জুলাই, ২০২২ খ্রিঃ হতে ২৯ জুলাই,
২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান
করল :

“তফসিল”

ক্রমিক নং	জেলার নাম	উপজেলার নাম	পদের নাম	কর্মকর্তার নাম, পদবি ও কর্মসূল
১	২	৩	৪	৫
১.	মৌলভীবাজার	শ্রীমঙ্গল	ভাইস চেয়ারম্যান	জনাব সাইফুর রহমান, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার
২.	মেহেরপুর	সদর	ভাইস চেয়ারম্যান	জনাব মোঃ তারিকুল ইসলাম, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মেহেরপুর

(১২৫৪৫)

মূল্য : টাকা ৮.০০

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকলকে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোনো নির্বাচনি অপরাধ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপ-সচিব (আইন) এর web mail address (ds_law@ecs.gov.bd) এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

“ছক”

জেলার নাম:..... উপজেলার নাম:.....

ক্রম	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর	অভিযোগকারীর নাম ও ঠিকানা	যার বিবৃদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা	অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ	অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ
১	২	৩	৪	৫	৬

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবযুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হলো।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১ (এক) জন বেঞ্জ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাদের নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্জ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দেনিক ভাতা (টি.এ/ডি.এ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

আফরোজা শিউলী
উপসচিব (আইন)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাচিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd